



মনিরামপুর শিক্ষা অফিস

## প্রধান সহকারীর বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

মনিরামপুর (যশোর) থেকে সংবাদ-  
দাতা ঃ মনিরামপুর উপজেলা শিক্ষা  
অফিসের প্রধান সহকারী খোরশেদ  
আলমের বিরুদ্ধে সই জাল করে টাকা  
আত্মসাৎ করার অভিযোগ উঠেছে।  
১৯৯৯-২০০০ সালে মন্ত্রণালয় থেকে ৯  
জন শিক্ষকের নামে দেয়া ৫ হাজার ৪শ'  
১৫ টাকা জাল সইয়ের মাধ্যমে তুলে  
নেয়ার অভিযোগ উঠেছে। যার বিল নং  
১৯১/২০০০। একই পন্থায় তিনি আরো  
১৫ জন শিক্ষকের ১২ হাজার ৯শ' ৮৬  
টাকা তুলে নিয়েছেন। ক্ষতিগ্রস্ত ২৪ জন  
শিক্ষক দুর্নীতিপরায়ণ অফিস সহকারী  
খোরশেদ আলমের বিচার দাবি করে  
জেলা শিক্ষা অফিসে লিখিত আবেদন  
করেছেন। খোরশেদ অবশ্য এই  
অভিযোগ অস্বীকার করেছে।